মেহেরপুরে অপরাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের স্টেডিয়াম পাড়ায় অপরাজিতা নামক একটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে দেড় শতাধিক অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

রবিবার বিকেলে স্টেডিয়ামপাড়া এলাকায় অপারাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের অফিস কার্যালয়ে এ শীতবস্তু বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অপরাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহী পরিচালক ও শহর মহিলা আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান।

প্রধান অতিথি জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলি ইয়াসমিন ।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাবেক ছাত্রনেতা আব্দুল মান্নান ছোট, পৌর মহিলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদিকা সফুরা খাতুন, জেলা মহিলা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর মীর দানিয়াল হোসেন।

মেহেরপুরে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে অসহায় ও হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা নামের এক স্বেচ্ছাসেবী সংগঠন।

আজ বৃহস্পতিবার দুপুরে শহরের পৌর কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক ও বেসরকারী টেলিভিশন এনটিভির সাবেক বিশেষ

প্রতিনিধি আহম্মেদ পিপুল, পৌর প্যানেল মেয়র মাহাফুজুর রহমান। সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতিত্ব নুরুল আহম্মেদ।

অনুষ্ঠানে ৫শ জন হতদরিদ্র মানুষের হাতে কম্বল তুলে দেওয়া হয়। শীতের প্রথম দিকে কম্বল পেয়ে খুশি তারা।

বক্তারা বলেন, হতদরিদ্রদের মাঝে শুধু শীতবস্ত্র বিতরণ নয়, অসহায় শিক্ষার্থীদের মাঝে সংগঠনটির পক্ষ থেকে দেওয়া হচ্ছে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষণ। এতে তারা নিজেদের কর্মসংস্থান নিজেরাই তৈরি করতে পারছেন।